

‘শেখ হাসিনার বারতা
নারী-পুরুষ সমতা’

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা বিষয়ক অধিদপ্তর
(জনসংযোগ শাখা)
৩৭/৩, ইস্কাটন গার্ডেন রোড ,ঢাকা



প্রেসরিলিজ

স্বাধীনতার ৫০ বৎসর পূর্তিতে সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৬৪ জেলা ও ৪৩০ টি উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়ে জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে স্থানীয় প্রশাসনের সাথে সমন্বয় করে কর্মসূচি বাস্তবায়ন করা হয়েছে।

মহিলা বিষয়ক অধিদপ্তরের প্রধান কার্যালয়ে বাস্তবায়িত কর্মসূচীঃ

২৬/০৩/২০২১ তারিখ জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে মহিলা বিষয়ক অধিদপ্তরে ভোর ৫.৩০ মিঃ জাতীয় পতাকা উত্তোলন করা হয়। স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে ১৭/০৩/২০২১ ইং থেকে ২৬/০৩/২০২১ ইং পর্যন্ত মহিলা বিষয়ক অধিদপ্তর ভবন আলোকসজ্জায় সজ্জিত করা হয়। জাতীয় কর্মসূচির সাথে সামঞ্জস্য রেখে ২৫/০৩ইং ২০২১/তারিখ রাত ৯ (এক)মিনিট পর্যন্ত ০১.৯টা থেকে ০০.

মিনিটের জন্য আলোকসজ্জা বন্ধ রাখা হয়।স্বাধীনতারসুবর্ণজয়ন্তী উদযাপন উপলক্ষে মহিলা বিষয়ক অধিদপ্তরের ৫ম তলার মাল্টিপারপাস হলে এক আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের মাননীয় প্রতিমন্ত্রী ফজিলাতুন নেসা ইন্দিরা, এমপি। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জনাব সায়েদুল ইসলাম, মাননীয় সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন মহিলা বিষয়ক অধিদপ্তরের মহাপরিচালক,(১-গ্রেড) জনাব রাম চন্দ্র দাস। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব জনাব ফরিদা পারভীন, মহিলা বিষয়ক অধিদপ্তর এর বিভিন্ন প্রকল্পের প্রকল্প পরিচালকবৃন্দ,পরিচালক (যুগ্ম সচিব), মনোয়ারা ইশরাতও অতিরিক্ত পরিচালক ড. শেখ মুসলিমা মুন এবং মন্ত্রণালয় ও অধিদপ্তরের সকল পর্যায়ের কর্মকর্তা কর্মচারীবৃন্দ।

২৬ মার্চ মহান স্বাধীনতার সুবর্ণজয়ন্তী উপর ভিত্তি করে বক্তব্য রাখেন মহিলা বিষয়ক অধিদপ্তরের বিভিন্ন পর্যায়ের কর্মকর্তা/কর্মচারীগণ । আলোচনা পর্বের শেষে সাংস্কৃতিক অনুষ্ঠানে দেশোত্ত্বোধক গান ও কবিতা আবৃত্তির আয়োজন করা হয়।